**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১৪তম সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ২৬/১১/২০২৫ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ টা

সভার স্থান : সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রশাসক ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন এবং তিনি সরকার কর্তৃক গঠিত কমিটির সম্মানীত সকল সদস্যগণকে সভায় স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় আলোচ্যসুচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য এ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জনাব মোঃ নূর কুতুবুল আলম-কে অনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনা শুরু করেন।

### আলোচ্যসূচি ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২০/১০/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

**সিদ্ধান্ত:** উক্ত কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

### আলোচ্যসূচি ২: রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**(ক) ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৫ | ৯৩৩৫.০৮ | ৯১৯.১৪ | ৯.৮৫% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৫ | | ১৪৮৩.৯১ | ১৫.৯০% | |
| ৩ | অক্টোবর ২০২৫ | | ১১৯.১৫ | ১.২৮% | |
| মোট ত্রৈমাসিক | | ৯৩৩৫.০৮ | ২৫২২.২০ | ২৭.০২% | |

| ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৪ | ৯৫৬৯.৭১ | ২৭৩.২৪ | ২.৮৬% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৪ | | ১৪৭৮.৫০ | ১৫.৪৫% | |
| ৩ | অক্টোবর ২০২৪ | | ৩৯০.১৫ | ৪.০৮% | |
| মোট ত্রৈমাসিক | | ৯৫৬৯.৭১ | ২১৪১.৮৯ | ২২.৩৮% | |

**(খ) ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের ট্রেড লাইসেন্স এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৫ | ৯৫২.০০ | ১৪৫.১৫ | ১৫.২৫% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৫ | | ৯৫.২৩ | ১০% | |
| ৩ | অক্টোবর ২০২৫ | | ৩৫.৭৬ | ৩.৭৬% | |
| মোট ত্রৈমাসিক | | ৯৫২.০০ | ২৭৬.১৪ | ২৯.০০% | |

| ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৪ | ৮০০.০০ | ১৩৯.০০ | ১৭.৩৮% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৪ | | ৮৮.১৯ | ১১.০২% | |
| ৩ | অক্টোবর ২০২৪ | | ৬৯.৩৯ | ৮.৬৭% | |
| মোট ত্রৈমাসিক | | ৮০০.০০ | ২৯৬.৫৮ | ৩৭.০৭% | |

**(গ) ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের দোকান ভাড়া এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৫ | ৪৩৫.৩৫ | ২৯.০২ | ৬.৬৭% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৫ | | ৪১.০৪ | ৯.৪৩% | |
| ৩ | অক্টোবর ২০২৫ | | ৪০.২৬ | ৯.২৫% | |
| মোট ত্রৈমাসিক | | ৪৩৫.৩৫ | ১১০.৩২ | ২৫.৩৪% | |

| ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | আগস্ট ২০২৪ | ২৯১.১৭ | ২০.১৯ | ৬.৯৩% | |
| ২ | সেপ্টেম্বর ২০২৪ | | ১৭.২২ | ৫.৯১% | |
| ৩ | অক্টোবর ২০২৪ | | ১৪.৯২ | ৫.১২% | |
| মোট ত্রৈমাসিক | | ২৯১.১৭ | ৫২.৩৩ | ১৭.৯৭% | |

**(ঘ) পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী (সেপ্টেম্বর ২০২৫)** (লক্ষ টাকায়):

| দাবি | | | | আদায় | | | | হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| বকেয়া | | হাল | | বকেয়া | | হাল | মোট | |
| ঢাকা ওয়াসা | এনসিসি (জুলাই ২০২৩ থেকে আগস্ট ২০২৫) | সেপ্টেম্বর ২০২৫ | মোট | ঢাকা ওয়াসা | এনসিসি | সেপ্টেম্বর ২০২৫ | | |
| ২৭৯৬.৪১ | ৬৯৩.৩৪ | ১৫০.৭৭ | ৩৬৪০.৫২ | ১১.৮৯ | ২৩.১৯ | ১০০.৫৯ | ১৩৫.৬৭ | ৩.৭২% |

**(ঙ) পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| দাবি | | | | আদায় | | | | হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| বকেয়া | | হাল | মোট | বকেয়া | | হাল | মোট | |
| ঢাকা ওয়াসা | এনসিসি (জুলাই ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৫) | অক্টোবর ২৫ | | ঢাকা ওয়াসা | এনসিসি | অক্টোবর ২০২৫ | | |
| ২৭৮২.৮৯ | ৭১৮.৭২ | ১৫৩.৬৬ | ৩৬৫৫.২৭ | ১২.৫০ | ২৩.৮৪ | ১০১.৫৮ | ১৩৭.৯২ | ৩.৭৭% |

**(চ) পানি সরবরাহ বিভাগের রাজস্ব ও অন্যান্য আদায় এবং ব্যয় (অক্টোবর ২০২৫)** (লক্ষ টাকায়):

| ক্রমিক | আদায়ের খাত | আদায়ের পরিমাণ |
|---|---|---|
| ১ | নবায়ন ফি বাবদ আদায় | ৫.৫৩ |
| ২ | পানির বিল বাবদ আদায় | ১৩৭.৯২ |
| ৩ | ডিমান্ড নোট | ২.৫৭ |
| ৪ | নতুন সংযোগের ফরম, শ্রেণি পরিবর্তন ফি, নামজারী ফি (৮৩০০+০+৫০০) | ০.৮৮ |
| ৫ | মিটার বিক্রয় | ০.৫৩ |
| ৬ | গাড়ি দ্বারা পানি বিক্রয় ও অন্যান্য | ০.৪৮ |
| | সর্বমোট | ১৪৭.৯১ |

| ক্রমিক | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ |
|---|---|---|
| ১ | বেতন-ভাতা | ১৫.০০ |
| ২ | কম্পিউটার ও অন্যান্য সরঞ্জাম | - |
| ৩ | বিল ফরম | - |
| | সর্বমোট= | ১৫.০০ |

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সভাপতি রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধি করার জন্য বলেন। তিনি এ সিটি কর্পোরেশন এলাকায় নব নির্মিত ভবনসমূহ (যেগুলো সাধারণ এসেসমেন্ট চলাকালীন সময়ে নির্মাণাধীন ছিল) পরিদর্শন করে উক্ত হোল্ডিংয়ে কর নির্ধারণ করা এবং এ সম্পর্কিত উক্ত তথ্য উপাত্ত আগামী সাধারণ সভায় তাঁর নিকট দাখিলের জন্য এ সিটি কর্পোরেশনের উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (অঃদাঃ) জনাব কে এম ফরিদুল মিরাজ-কে নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্ক্ষিতমাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণ এবং (৬) সাধারণ এসেসমেন্ট চলাকালীন সময়ে নির্মাণাধীন ছিল এমন সকল হোল্ডিং পরিদর্শন করে প্রতি মাসে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (অঃদাঃ) কর্তৃক প্রশাসক বরাবর রিপোর্ট দাখিল করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, ট্রেড লাইসেন্স শাখা, বাজার শাখা, পানি সরবরাহ বিভাগ, সংশ্লিষ্ট কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৩: অক্টোবর ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ও অনুমোদন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত অক্টোবর ২০২৫ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| খাত | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | খাত | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) |
| রাজস্ব আয় | ৬২৭.৩৭ | রাজস্ব ব্যয় (রাজস্ব আয় থেকে) | ২২৮.১৮ |
| রাজস্ব আয় (পানি) | ১৪৭.৯১ | উন্নয়ন ব্যয় (রাজস্ব আয় থেকে) | ১০৩.৫৬ |
| সরকারি উন্নয়ন বরাদ্দ (থোক বরাদ্দ থেকে) | --- | পানি সরবরাহ | ১৫.০০ |
| মোট আয় | ৭৭৫.২৮ | উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে) | ০.০০ |
| | | মোট ব্যয় | ৩৪৬.৭৪ |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে অক্টোবর ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৪: অনিষ্পন্ন অডিট আপত্তি সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন জানান যে, এ সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে বেশকিছু বহুতল ভবন নির্মাণ করে বিভিন্ন ফ্ল্যাট বরাদ্দ দেয়া হয়েছে। এককালীন অর্থ পরিশোধের মাধ্যমে আগ্রহী ফ্ল্যাট গ্রহীতাদের নিকট প্রতিমাসে সালামী আদায় নির্ধারণ করে উক্ত ফ্ল্যাটসমূহ তাদের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছে। বর্ণিত ভবনসমূহ নির্মাণের সময় সরকারের নিয়মানুযায়ী Vat পরিশোধ করা হয়েছে। কিন্তু ফ্ল্যাট থেকে আদায়কৃত সেলামি হতে Vat সরকারি কোষাগারে জমা না দেওয়ায় অডিট আপত্তি উত্থাপিত হয়। এমন অডিট আপত্তির সংখ্যা ২০ টি। অডিট সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| নিরীক্ষার বছর | মোট আপত্তির সংখ্যা | | নিষ্পত্তিকৃত আপত্তি | | অনিষ্পন্ন আপত্তি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | অগ্রিম | সাধারণ | অগ্রিম | সাধারণ | অগ্রিম | সাধারণ | |
| ২০১০-১২ | ১৫ | ১২ | ৭ | ৯ | ৮ | ৩ | - |
| ২০১২-১৩ | ৭ | ১৫ | ৭ | ১০ | - | ৫ | - |
| ২০১৩-১৪ | ১১ | ১০ | ৯ | ৭ | ২ | ৩ | - |
| ২০১৭-১৮ | ১৫ | ৫ | - | ৫ | ১৫ | | - |
| ২০১৯-২০<br>২০২০-২১<br>২০২১-২২ | ৯ | ১০ | - | - | ৯ | ১০ | স্থানীয় সরকার বিভাগ হতে ২, ৪, ৫, ৬, ৭, ১০, ১১ নং আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। |
| মোট= | ৫৭ | ৫২ | ২৩ | ৩১ | ৩৪ | ২১ | জড়িত সম্ভাব্য অর্থের পরিমাণ ২৫ কোটি টাকা। |

তিনি আরো বলেন, যেহেতু ভবন নির্মাণের সময় যথাযথ নিয়মানুযায়ী Vat পরিশোধ করা হয়েছে; সেহেতু প্রাপ্ত সেলামি হতে Vat পরিশোধ করার কোনো প্রয়োজনীয়তা নাই। এক্ষেত্রে করণীয় নির্ধারণের জন্য বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে (১) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন কর্তৃক স্থানীয় সরকার বিভাগের অডিট শাখায় সশরীরে যোগাযোগ করে এ অডিট আপত্তিগুলো নিষ্পত্তির ব্যবস্থা করবেন। (২) আগামী মাসের মধ্যে SF ও SFI এর জবাব প্রেরণ করতে হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৫: ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনা ও টাইফয়েড ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন ২০২৫ সংক্রান্ত আলোচনা।

**(ক) "টাইফয়েড ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন ২০২৫" সংক্রান্ত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম জানান, টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (TCV) টিকাদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ২০২৫ টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (TCV) ক্যাম্পেইনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের লক্ষ্যমাত্রা ছিলো ২,১৪,২১৭ জন, যার মধ্যে টিকা প্রদান করা হয়েছে ১,৮২,১৪৪ জন শিশুকে। এর মাঝে ১,৮১, ৯৬৪ জন শিশুর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। টিকাদানা লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে ৮৫%। রেজিস্ট্রেশন হয়েছে ৯৮% শিশুর।

**(খ) ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম বিষয়ে আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ডেঙ্গুসহ মশাবহিত রোগসমূহ প্রতিরোধে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**১। ডেঙ্গু প্রতিরোধে গৃহীত বিশেষ ব্যবস্থা:**
**ক। প্রতিরোধমূলক কার্যক্রম-**
১। নগরীর ২৭টি ওয়ার্ডে প্রতিদিন বিকেলে একযোগে ফগিং কার্যক্রম চলমান।
২। ৩০০০০ এড্যাল্টিসাইড ক্রয় করা হয়েছে।
৩। ডেঙ্গু মশার প্রকোপ কমানোর জন্য নগরীর ২৭টি ওয়ার্ডে মশারি বিতরণ করা হয়েছে।
৪। ডেঙ্গু মশার প্রজনন স্থানসমূহ চিহ্নিত করে ২৭টি ওয়ার্ডে নিয়মিত মশার ওষুধ ছিটানোর কাজ চলমান রয়েছে।
৫। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।
৬। মশক ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয় স্থানসমূহে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।
**খ। সচেতনতামূলক কার্যক্রম-**
১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ১০ টি মোবাইল কোর্ট পরিচালিত করা হয়েছে এবং যেসকল বাসা-বাড়িতে এডিস মশার লার্ভা পাওয়া গিয়েছে তাদেরকে জরিমানা করা হয়েছে।
২। নগরীর বিভিন্ন ওয়ার্ডে ব্র্যাকের সহযোগিতায় ক্লিনিং ক্যাম্পেইন করা হয়েছে এবং ডেঙ্গু সম্পর্কে সচেতন করা হয়েছে।
৩। নগরীর ২৭টি ওয়ার্ডের প্রতিটি স্কুলে ইতিমধ্য চিঠি পাঠানো হয়েছে যেনো স্কুলের চারপাশ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়।
৪। নগরীর প্রতিটি ওয়ার্ডে মাইকিং করে ডেঙ্গু সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হচ্ছে।
৫। নগরীর ২৭টি ওয়ার্ডের বিভিন্ন স্কুলের শিক্ষকদের সাথে সভা আয়োজন করে Awarness Program হচ্ছে।
৬। জনসাধারণের মাঝে ডেঙ্গু সচেতনতা বাড়াতে নগরীর প্রতিটি পাড়া-মহল্লায় সভার আয়োজনের জন্য কার্যক্রম গৃহীত হয়েছে।
**২। মশক নিধন কার্যক্রম-**
১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।
২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।
৩। বিশেষ প্রয়োজনে নগরীর গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়।
৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।
৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

**৩। ২০২৫ সালের জানুয়ারি – নভেম্বর পর্যন্ত ডেঙ্গু রোগীর তথ্য:** ২০২৫ সালের জানুয়ারি হতে নভেম্বর পর্যন্ত ডেঙ্গু রোগীর তথ্য সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরুপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৩ | ০ | - |
| ফেব্রুয়ারি | ০৩ | ০ | - |
| মার্চ | ০৩ | ০ | - |

| | | | |
|---|---|---|---|
| এপ্রিল | ০৪ | ০ | - |
| মে | ০৬ | ০ | - |
| জুন | ১৩ | ০ | - |
| জুলাই | ৫৪ | ০ | - |
| আগস্ট | ৯৮ | ০১ | - |
| সেপ্টেম্বর | ১৫৪ | ০০ | - |
| অক্টোবর | ২৮৬ | ০০ | - |
| নভেম্বর | ১৯৩ | ০০ | ২৫ নভেম্বর পর্যন্ত |
| মোট | ৮২৭ জন | ০১ জন | |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা অব্যাহত রাখা, (২) ডেঙ্গু নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে যথাযথ প্রচার প্রচারণা কার্যক্রম চলমান রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: স্বাস্থ্য বিভাগ ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৬: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী উন্নয়নমূলক কার্যক্রম **(**চলমান প্রকল্প ও নতুন প্রকল্প**)** ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**UDCGP**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৪/২০২৩-২৪ ২টি (সমাপ্ত ০টি) | Construction of RCC drain in East side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-1)(RCC Drain-3592m) | ইউডিসিজিপি | ১৯১৪.৯৬ | ১১/০৮/২০২৪ | ২৩/০২/২০২৬ | ৫২% | কাজ চলমান। |
| | | Construction of RCC drain in West side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-2) (RCC Drain-1980m, Pipe Drain-1050m) | ইউডিসিজিপি | ২০৭০.৯৮ | ১১/০৬/২০২৪ | ১০/০৬/২০২৫ বর্ধিত সময় ২২/০২/২০২৬ | ৪৬% | কাজ চলমান। |
| ২ | ০২/২০২৪-২৫ ১টি (সমাপ্ত ০টি) | Construction of Ali Ahmed Chunka Public Place and Playground. | ইউডিসিজিপি | ১৬৩৭.৯৪ | ১৫/০১/২০২৫ | ০৯/০৭/২০২৬ | ১৭% | সাইট বুঝিয়ে দেয়া হয়েছে। কাজ চলমান। |

**DPP**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | প্রকল্প ব্যয়/ চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৬/২০২৪-২৫ ১টি (সমাপ্ত ০টি) | Construction of Scavenger's Colony at Tanbazar under Narayanganj City Corporation. (নারায়ণগঞ্জ অঞ্চল) | সরকারি ও নিজস্ব | ৪২৬৩.৫২ | ০৪/০৪/২০২৫ | ০২/০৯/২০২৬ | ১০% | পাইলিং ও পাইল ক্যাপের কাজ চলমান |
| ২ | ডিপিপি | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন। | এডিপি | ৪০৭৪৩.৭৩৮ | ০১/০১/২০২১ | ৩০/০৬/২০২৭ | ৬০% | বিগত ১৫/১০/২০২৫খ্রি. তারিখ ৪০৭.৪৩৭৩ লক্ষ টাকার ১ম সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। |

| LGCRRP | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ৮/২০২২-২৩ ৫টি (সমাপ্ত ৩টি) | Development of Paikpara Choto Koborsthan. [আলী-আলআমিন (জেভি)] | LGCRRP | ৭০৭.৪২ | ২৬/০৭/২০২৩ | ২৬/০১/২০২৫ বর্ধিত ২৬/১২/২০২৫ | ৮৮% | কাজ চলমান |
| ২ | | Development of Paikpara Boro Koborsthan. [আলী-আলআমিন (জেভি)] | LGCRRP | ১০৮৫.৪৩ | ২৬/০৭/২০২৩ | ০৬/০১/২০২৫ বর্ধিত ২৬/১২/২০২৫ | ৮৮% | কাজ চলমান |
| ৩ | ৮/২০২৪-২৫ (LGCRRP-W-15) [আতিকা প্রজেক্ট এন্ড ওয়ার্কশপ এন্ড শামিম ট্রেডার্স (জেভি)] | i) Construction of Two Storied Multipurpose building al Ajibpur, Shiddhirganj Crematorium Ghat in ward no:- 05 under Narayanganj City Corporation. (Civil Works) ii) Electrical work of Three Storied Multipurpose building at Ajibpur Shosan, ward no:-05, Shiddhirganj under Narayanganj City Corporation.. iii) Construction of Crematorium building at Ajibpur, Shiddhirganj Crematorium Ghat in ward no:- 05 under Narayanganj City Corporation. (Civil Works) iv) Electrical work of Crematorium building at Ajibpur Shosan, ward no:- 05, Shiddhirganj under Narayariganj City Corporation, v) Installation at Centrifugal Pump, Motor & Tube-well of Three storied Multipurpose building at Ajibpur Shosan, ward no:-05 under Narayanganj City Corporation. (Civil Works) vi) Construction of RCC drain from Nimai Kashari Bank colony Mr. Mozamell house to north side Mr. Harun house & east side in Mr. Azizul Hoq house in ward no:-03 under Narayanganj city corporation, ch.0.00-340,00. vii) Upgrading of RCC roads from Nimai Kashari Bank colony Mr. Mozamell house to north side Mr. Harun house & east side in Mr. Azizul Hoq house in ward no:- 03 under Narayanganj city corporation, A ch.0.00-340.00 | LGCRRP | ৩১০.৫৩ | ০৫-০৫-২০২৫ | ০৪-১১-২০২৫ | ২৫% | কাজ চলমান |

| LGCRRP | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ৫/২০২৩-২৪ (LGCRRP-W-11) [এহসান এন্টারপ্রাইজ] | • (a) Repairing Mubarak shah road, Bir Muktijuddha Abdur roufsarak, Bir Muktijuddha Shohijansarak, khankagoli, L.N.A road, Khaja Nazmul hasan road, west Deobhog road by BC in ward-16 (FY-2023-2024.) Ch. 00-7515m<br>• (b) Repairing of Paikpara Muktijuddha Road by BC in ward no:17, (FY-2023-2024.) Ch. 00-785m | বিশ্ব ব্যাংক | ৫৩৮.৪৭ | ১০/০৭/২০২৫ | ১০/০৪/২০২৫ বর্ধিত ১০/১২/২০২৫ | ৯০% | কার্পেটিং কাজ চলমান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | (LGCRRP -W-13) [রীপা কন্সট্রাকশন] | • (a) Repairing of Hazigonj Rail line to chowdhuri bari vai 2no Dhakashory bazar partial RCC drain with BC in ward no:10,11 FY-2023-2024.Drain (North-South and Water Works Road) ch.00-190m.<br>• (a) Repairing of Hazigonj Rail line to chowdhuri bari vai 2no Dhakashory bazar partial RCC drain with BC in ward no:10,11 FY-2023-2024.Drain (North-South and Water Works Road)ch.00-3665m.<br>• (b) Repairing of Salimullah Road and chashara more in ward no:12, (FY 2023-2024.) Ch. 00-210m (c) Repairing of Nawab Sirajdullah Road in ward no:13,15 (FY 2023-2024.) Ch. 00-800m (d) Repairing of Shahid Shoroardi Road Starting from 2no rail gate to Metro rail vai 1no rail gate in ward no:15, (FY 2023-2024.) Ch. 00-1320m<br>• (e) Repairing of Bhuiyarbag pond Road carpeting and fencing in ward no:14, FY-2023-2024. Ch. 00-332m | বিশ্ব ব্যাংক | ৯৯৩.৫১ | ১০/০৭/২০২৪ | ১০/০৪/২০২৫ বর্ধিত ০৯/১০/ ২০২৫ | ৮৫% | কার্পেটিং কাজ শুরু করার জন্য ঠিকাদারকে মৌখিকভাবে বলা হয়েছে। এবং সময় বৃদ্ধির নথি চলমান। |

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক্রম** | **দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা** | **প্রকল্পের নাম** | **তহবিলের উৎস** | **চুক্তিমূল্য (লক্ষ টাকা)** | **চুক্তি সম্পাদনের তারিখ** | **সমাপ্তির তারিখ** | **কাজের অগ্রগতি** | **মন্তব্য** |
| ৩ | ১৬/২০২০-২১ | ১০নং ওয়ার্ডে গোদনাইল কমিউনিটি সেন্টার পুনঃনির্মাণ।<br>[উদয়ন বিল্ডার্স] | নিজস্ব | ৪২০.৭৬ | ২২/০৪/২০২১ | ২১/০৪/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৮০% | অটিস্টিক স্কুল নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৭ আবাসিক ভবন নির্মাণ।<br>[কেএসবিএল-জেকেই (জেভি)] | নিজস্ব | ১৩৮৮.২৫ | ২২/০৪/২০২১ | ২২/১০/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৮৫% | রিকাস্ট চলমান |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৮ আবাসিক ভবন নির্মাণ।<br>[কেএসবিএল-জেকেই (জেভি)] | নিজস্ব | ১৪৮৫.৭৬ | ২২/০৪/২০২১ | ২২/১০/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৯২% | ফিনিশিং কাজ চলমান |
| ৪ | ৩/২০২১-২২ | Construction of Khatun-E-Zannat Sayedah Fatema (RA) City Jame Mosque at Mina Bazar ward no-15 [মুনিয়া] | নিজস্ব | ৩৭৪.১২ | ২১/১২/২০২১ | ২০/১২/২০২২ বর্ধিত ২৮/০২/২০২৬ | ৭৬% | ঠিকাদারকে বারবার বলার পরও কাজ বন্ধ আছে। |
| ৫ | ২/২০২৩-২৪ | কলরব স্কুলের আসবাবপত্র ও আনুষাঙ্গিক ক্রয় ও সরবরাহকরণ।<br>[আল মিজান কন. এন্ড সাপ্লা.] | নিজস্ব তহবিল | ৪৭.৯৪ | ১৩/০৩/২০২৪ | ১২/০৯/২০২৪ বর্ধিত ৩০/১২/২০২৫ | ১০% | ফার্নিচার প্রস্তুতের জন্য মালামাল আনা হয়েছে। |
| ৬ | ৩/২০২৩-২৪ | ১২নং ওয়ার্ডে খানপুর ওয়াসা পাম্পের পাশে ১০(দশ) তলা আবাসিক ভবন নির্মাণ।<br>[এনসি-এমসি-এই (জেভি)] | নিজস্ব | ১৭৯৫.৯৩ | ০৬/০৬/২০২৪ | ২১/০৪/২০২২ বর্ধিত ৩০/০৬/২০২৬ | ৩২% | ১ম তলার ছাদের রড বাইন্ডিং চলমান। |
| | | ১৬নং ওয়ার্ডে সাধু নাগ মহাশয় কমপ্লেক্স নির্মাণ। [রত্না এন্টা.] | নিজস্ব | ৬৬৫.০০ | ০৬/০৬/২০২৪ | ০৬/১২/২০২৫ | ১৬% | প্রাক্কলন সংশোধন প্রক্রিয়া চলমান |
| ৭ | ০৭/২০২৩-২৪ | ১১নং ওয়ার্ডে আইটি স্কুলের সম্মুখে ৬(ছয়) তলা বিশিষ্ট ২(দুই) টি আবাসিক ভবন নির্মাণ। [বিনিময়-রীপা (জেভি)] | নিজস্ব তহবিল | ৭১০.১১ | ১১/১১/২০২৪ | ১০/০৫/২০২৬ | ১০% | কাজ চলমান |
| ৮ | | ১৫নং ওয়ার্ডে কার পার্কিং ভবনের দক্ষিণ পার্শ্বে ৪(চার) তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ।[প্রধান এন্টারপ্রাইজ] | নিজস্ব তহবিল | ৬৬৫.০০ | ০৬/০৬/২০২৪ | ০৬/১২/২০২৫ | - | ডিজাইন রি-চেক চলমান |
| ৯ | ১৩/২০২৪-২৫ 1069722 | NCC-ADP-GF-FY24-25-LTM-W01<br>a) Construction of RCC Drain & Road starting from Tolla Choto Mosque to Jamil Hasmat Ara Mohila Atim khana goli at Ward No-11. FY-2024- | এডিপি | ৩৮.৭৪ | ০৮/০৫/২০২৫ | ০৭/১০/২০২৫ | ৮২% | অধিক বৃষ্টিপাতের কারণে নির্ধারিত সময়ে |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | [মমবুজ এন্টার.] | 2025.Drain ch 00-105m; b) Construction of RCC Cross Drain Tollha Big mosque Outlet in ward No-11. (FY-2024-2025). Drain ch 00-12m. | | | | | | কাজ সম্পন্ন করা যায়নি। দ্রুত কাজ সম্পন্নের জন্য ঠিকাদারকে মৌখিকভাবে বলা হয়েছে। |
| ১০ | 1069723 [কলি ফ্যাশন] | NCC-ADP-GF-FY24-25-LTM-W02 Construction of RCC Drain & Road Tolla Primary School Cross-drain &Tolla Pathagar to in word no.11, (FY-2024-2025.) | এডিপি | ১০৪.০০ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৬০% | ঠিকাদার সময় বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ১১ | 1069726 [ফেইথ এন্ড ফেয়ার] | NCC-ADP-GF-FY24-25-LTM-W05 Rehabilitaion of Drain and Road by RCC Shamsujuha road Starting from Red crescent hospital to Bichram house & doctor house, in word no.12, (FY-2024-2025) | এডিপি | ১৬৪.৬১ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৭০% | ঠিকাদার সময় বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ১২ | 1069727 [শামীম ট্রেডার্স] | NCC-ADP-GF-FY24-25-LTM-W06 a) Construction of Boundary wall at Masdair Graveyard Churchyard in ward no. 12 b) Repairing Steel shade Kalirbazar in ward no:13 FY-2024-2025 c) Construction of Boundary Wall at Mondal Para Garrage (West and South Side) in ward: 15 Under NCC. | এডিপি | ৪৮.৩৬ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৬০% | কাজ চলমান |
| ১৩ | 1069729 [মিয়া ইরেক্টর] | NCC-ADP-GF-FY24-25-LTM-W08 Repairing of S.A Maleh Road to 1no. Rail gate via Narayanganj Sadar thana front gate by BC in ward no:15 (FY -2024-2025) | এডিপি | ৮৫.৪২ | ০৮/০৫/২০২৫ | ০৭/১০/২০২৫ | - | কার্পেটিং কাজ শুরু করার জন্য ঠিকাদারকে মৌখিকভাবে বলা হয়েছে। |
| ১৪ | 1069730 [আরিফ এন্ড ব্রাদার্স] | NCC-ADP-GF-FY24-25-LTM-W09 a) Rehabilitaion of Shanti nagar moshjid to kamal jafar house, in word no.17, (FY-2024-2025.) Drain ch 00-581m b) Construction of RCC Drain Namapara Starting from Mohoshin House to Awlad house in ward no:17. (FY 2024-2025). Drain -51m | এডিপি | ১৪৫.৬১ | ০৮/০৫/২০২৫ | ৩০/১০/২০২৫ | ৬৫% | কাজ চলমান |
| ১৫ | 1069731 [খাজা ট্রেডার্স] | NCC-ADP-GF-FY24-25-LTM-W10 Estimate For Construction of Repair B K Road (1) Shitalakha Primary School to Tolaram more Mosjid (L = 330m) (2) Tolaram more Mosjid to Shitalakhya River RCC Road (L = 155m) (3) Tolaram more Mosjid to Popular Jute Mill Gate in word no 18 Under NCC. | এডিপি | ৭৩.১৭ | ০৮/০৫/২০২৫ | ০৭/১০/২০২৫ | ৭০% | কাজ চলমান |

**সিদ্ধিরগঞ্জ অঞ্চল**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৯/২০২২-২৩ ১টি (সমাপ্ত ০টি) | Vertical extension (5th to 8th story) of City Dolanchapa Plaza-01, Commercial cum Residential Building at Dhanakunda area in ward no- 08 under Narayanganj City Corporation. | নিজস্ব তহবিল | ১১৮৩.২৯ | ১০/১০/২০২৩ | ১৯/০৯/২০২৫ | ৫২% | ৮ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। |
| ২ | ১৩/২০২৪-২৫ ১৩ টি | NCC-ADP-GF-FY24-25-LTM-W14 (a) Repairing of Work Siddhirganj Pool Approach Road and Hirajhil to Fulkoli School RCC road cutting Repairing (b) Construction of RCC road from Batanpara Namarchar Shahidul Islam's factory to Mr. Zainal Abedin's house and Construction of RCC road and drain at Hirajhil 11 No lane (c) Construction of RCC road from Batanpara Namarchar Mr. Abdul Motalib's house to west side Pradhan Bari Jame Masjid in Ward No 01 under Narayanganj City Corporation. | এডিপি | ৬৫.৮৮ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৯০% | কাজ চলমান। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | | NCC-ADP-GF-FY24-25-LTM-W16 a. Construction of RCC road from Bagmara Mr Samad Masters house to Motalibs house and RCC Drain Bagmara Bazar Mr Montu house to Mr Ferose house b. Construction of RCC road from East Sanarpar Mr Sadek Saheb house towards south side Jamia Islamia Darul Uloom Madrasa in Ward no-03 under Narayanganj City Corporation | এডিপি | ৪৬.৬৬ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৭০% | সাইটে জায়গা সংক্রান্ত জটিলতা থাকায় কাজ বন্ধ আছে। |
| ৪ | | NCC-ADP-GF-FY24-25-LTM-W18 Construction of RCC road and Drain from a. West Omarpur Ekta Club to South side Ramzan house b. Ayub Nagar Main Road to south side Silo Road c. Kalabagh West Silo Road Chaura Bari to south side CS Halt in Ward No 05 under Narayanganj City Corporation. | এডিপি | ৫৮.৪৯ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৬০% | সাইটে জায়গা সংক্রান্ত জটিলতা থাকায় কাজ বন্ধ আছে। |
| ৫ | | NCC-ADP-GF-FY24-25-LTM-W20 Construction of Drain and Road by RCC at Anayetnagar from Mr Jolil molla house to south direction upto Haque market via printing goli in ward no-08 under NCC in the FY-2024-25 | এডিপি | ৮৫.৪৩ | ১২/০৫/২০২৫ | ১১/১১/২০২৫ | ৬০% | কাজ চলমান। |
| ৬ | | NCC-ADP-GF-FY24-25-LTM-W19 Construction of drain by RCC a. East side of Mondolpara Graveyard infront of Ma Fatema Mosjid (10m) b. near Mondolpara rail line culvert (80m) c. West Moonlight Haque Shahebs pond to main road (40m) d. East Moonlight Mr. Hannan house to main road (40m) in ward no-06 (Drain L-170m) e. Kadamtoli Gas road approach with (road) cross drain (L-12.50x9.05m) f. Maintenance of Culvert over DND canal at Kadamtoli Nayapara (9.70x4.30m) in ward no-07 under NCC in the FY-2024-25. | এডিপি | ৫৭.০৭ | ১৩/০৫/২০২৫ | ১২/১১/২০২৫ | ৮০% | কাজ চলমান। |
| ৭ | | NCC-ADP-GF-FY24-25-LTM-W22 Maintenance of Road by Bituminous Carpeting with expansion joint from Jalkuri bus stand to east direction upto RK Park road in ward no-09 under NCC in the FY-2024-25(L-2310m,W-5.10m) | এডিপি | ৯৪.৫৯ | ০৮/০৫/২০২৫ | ০৭/১১/২০২৫ | ৫০% | কাজ শুরু না করায় ঠিকাদারকে পত্র দেয়া হয়েছে। |

| কদমরসুল অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | প্রকল্প ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ১৯/২০২০-২১ ৯টি (সমাপ্ত৮টি) | Construction of two storied 46 no. Kadam Sharif Nagar School Building with four storied foundation in ward no-23 | নিজস্ব তহবিল | ২৯৪.২৬ | ০২/০৮/২০২১ | ০২/০৪/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৯২% | রিকাস্ট অনুমোদনের নথি চলমান |
| ২ | ০৭/২০২৩-২৪ ৩টি (সমাপ্ত ০টি) | Construction of Garage and Shop at east side of Akij Cement Factory at ward no.-23. | নিজস্ব তহবিল | ২৩৯.১৭ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| | | Construction of 2 (Two) storied commercial cum residential building (Scavenger's Colony) with proposed 04(four) storied foundation at south side of Akij Cement Factory in ward no-23. (Type- A) | নিজস্ব তহবিল | ২৬২.৫৪ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৫% | Design & Drawing Revie ও Mobilization Work চলমান। |
| | | Vertical extension of existing Scavenger's Colony (1st & 2nd floor) at south side of Akij Cement Factory in ward no -23. (Type- C) | নিজস্ব তহবিল | ৯৫.২৫ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৫% | কাজ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | ১৩/২০২৪-২৫ ১৭ টি (চলমান ১২টি, সমাপ্ত ৪টি, বাতিল ১টি) | Rehabilitation of Raily bagan Bajna house, in word no.22. | এডিপি | ৩০.০৬ | ০৮/০৫/২০২৫ | ০৮/১২/২০২৫ | ৪০% | লে-আউট দেয়া হয়েছে, সাইটে জায়গা সংক্রান্ত জটিলতা থাকায় কাজ বিলম্ব হচ্ছে |
| ৪ | | a. Construction of Repair Bokultola Immunization Center in ward no-19. b. Construction of Pipe Drain at Modanganj beside Nasim Osman Bridge in ward no-19. c. Construction of RCC Road & Drain at Setara Begum Bari to Piar Jahan Bari in ward no-19. | এডিপি | ৩৪.১১ | ০৮/০৫/২০২৫ | ০৮/১২/২০২৫ | ৮০% | কাজ চলমান |
| ৫ | | a. Construction of RCC Road & Drain at P M Road Ratna Begum Bari to Feroz Miah Bari in ward no-19. b. Construction of RCC Road & Drain at Panaullah Bari to Anower Miah Bari in ward no-19. | এডিপি | ৪৩.৪২ | ০৮/০৫/২০২৫ | ০৮/১২/২০২৫ | ৮২% | কাজ চলমান |
| ৬ | | Construction of Drain by RCC at CSD Chok area from Mr. Khorshed house to Mr. Shahjahan house via Mr Alom house in ward no-23. | এডিপি | ৫৬.৯৮ | ০৮/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৯৮% | কাজ চলমান |
| ৭ | | Construction of Drain by RCC near Maola Ali Madrasha, Pocharbag main road to Bagbari branch road in ward no-23. | এডিপি | ২৩.১৯ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৯৮% | কাজ চলমান |
| ৮ | | Maintenance of Civil & Electrical works at Kadamrasul Zonal Office building with Boundary wall in ward no-23. | এডিপি | ৪৯.০৪ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৮০% | কাজ চলমান |
| ৯ | | Maintenance of road by Bituminous Carpeting at different (four) places of Ali Ahammad Chunka Sarak in ward no-24. | এডিপি | ১৬৮.৩১ | ০৮/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৩০% | কাজ চলমান |
| ১০ | | a. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Kaitakhali Graveyard road in ward no-24 (Road part). b. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Dewli Graveyard road in ward no-24. c. Maintenance of Broken Road by RCC with Guide wall, sand filling, palisading, earth filling at Kazi Nazarul Islam road in ward no-24. | এডিপি | ৩৫.৭৩ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ১১ | | Repairing of Lakshon khola Hospital & Lakshon khola pond side Coffee Shop in ward no-25. | এডিপি | ২৩.২৮ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ১২ | | Repairing of RCC road a. Lakshon khola Madrasa road in ward no-25 b. RCC road on the right side of School Ghat in ward no-26 c. Sonachara Road to School ghat and Kutibon road in ward no-26 d. Beside kuripara High school in ward no-27. | এডিপি | ৬১.৭১ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৭৫% | কাজ চলমান |
| ১৩ | | a. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Kaitakhali Graveyard road in ward no-24 (Road part). b. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Dewli Graveyard road in ward no-24. c. Maintenance of Broken Road by RCC with Guide wall, sand filling, palisading, earth filling at Kazi Nazarul Islam road in ward no-24. | এডিপি | ৩৫.৭৩ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ১৪ | | Repairing of Lakshon khola Hospital & Lakshon khola pond side Coffee Shop in ward no-25. | এডিপি | ২৩.২৮ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ১৫ | | Repairing of RCC road a. Lakshon khola Madrasa road in ward no-25 b. RCC road on the right side of School Ghat in ward no-26 c. Sonachara Road to School ghat and Kutibon road in ward no-26 d. Beside kuripara High school in ward no-27. | এডিপি | ৬১.৭১ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৭৫% | কাজ চলমান |

<u>সিদ্ধান্ত:</u> বিস্তারিত আলোচনান্তে আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৭: (১) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি এবং (২) আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি পুনর্গঠন বিষয়ক আলোচনা।

**আলোচনা:** এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) জনাব মোঃ আজগর হোসেন জানান, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ অনুযায়ী এ সিটি কর্পোরেশনের যে স্থায়ী কমিটিগুলো আছে সেসকল কমিটির সুপারিশ মোতাবেক বিভিন্ন বিষয়সমূহ সাধারণ সভায় উপস্থাপন করা হয়। এনসিসির বিভিন্ন কর্মকর্তা এই কমিটিগুলোর সাচিবিক দায়িত্ব পালন করে থাকেন। নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছিল এনসিসির নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ আজগর হোসেন-কে। তাকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে চলতি দায়িত্ব প্রদানের ফলে বর্ণিত কমিটিতে তার পক্ষে সাচিবিক দায়িত্ব পালন করা সম্ভব হচ্ছে না। উক্ত কমিটিতে এ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) জনাব এ এস এম মশিউর রহমান-কে সাচিবিক দায়িত্ব প্রদান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এ সময় প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্ব পালনে এ সিটি কর্পোরেশনের আইন কর্মকর্তাকে মনোনীত করে বর্ণিত কমিটি পুনর্গঠন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে (১) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্ব পালনে নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) জনাব এ এস এম মশিউর রহমান-কে এবং (২) আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্ব পালনে এ সিটি কর্পোরেশনের আইন কর্মকর্তাকে মনোনীত করে বর্ণিত কমিটি ০২ টি পুনঃগঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: প্রশাসন বিভাগ ও প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৮: বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের জন্য চুক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** সভাপতির অনুমতিক্রমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) জনাব মো: আজগর হোসেন জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে বিশ্বব্যাংক, জাইকা এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প চলমান রয়েছে। এর মধ্যে এডিবি'র অর্থায়নে "Narayanganj Green and Resilient Urban Development Project (NGRUDP)" শীর্ষক প্রকল্পে এই প্রথম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন Executing Agency এবং Implementing Agency হিসেবে সরাসরি কাজ করবে। বর্ণিত প্রকল্পের জনবল নিয়োগের সুপারিশের জন্য প্রকল্পের নিজস্ব অংশে ১৫ জন কর্মকর্তা-কর্মচারী (প্রেষণে/অতিরিক্ত দায়িত্বে) এবং আউটসোর্সিং সেবা ক্রয়ের মাধ্যমে ১৭ জনসহ মোট ৩২ জন নিয়োগের প্রস্তাব করা হয়েছিল। তদপ্রেক্ষিতে গত ২৩ জুন ২০২৫ তারিখে অর্থ মন্ত্রণালয়ের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটির সভায় উল্লেখিত প্রকল্পের নিজস্ব অংশে ১০ জন কর্মকর্তা (প্রেষণে/অতিরিক্ত দায়িত্বে) এবং আউটসোর্সিং সেবা ক্রয়ের মাধ্যমে ৬ জন মোট ১৬ জন জনবল নিয়োগের সুপারিশ করা হয়। এতে এ সিটি কর্পোরেশন থেকে সুপারিশকৃত পদগুলো থেকে বেশকিছু গুরুত্বপূর্ণ পদ বাদ পরে যায়, তন্মধ্যে আউটসোর্সিং সেবা ক্রয়ের মাধ্যমে (১) এনভায়রনমেন্টাল এন্ড সোস্যাল সেফগার্ড অফিসার এবং (২) সোশ্যাল সেফগার্ড এন্ড জেন্ডার অফিসার এই পদ ২টি অন্যতম। তিনি আরো জানান, গত ২১-২৭ আগস্ট ২০২৫ তারিখে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক NGRUDP শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত Consultation Mission এর আলোচনায় "Environmental and Social Safeguard Officer " পদে নিয়োগ প্রদানের বিষয়ে অনুরোধ করা হয়। এ পদটি বর্ণিত প্রকল্পসহ অন্যান্য বৈদেশিক সহায়তা পুষ্ট প্রকল্পের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই প্রকল্প বাস্তবায়নের স্বার্থে এনসিসি'র নিজস্ব তহবিল থেকে Individual Consultant হিসাবে উল্লেখিত পদে জরুরি ভিত্তিতে নিয়োগ দেওয়ার জন্য প্রস্তাব করেন। আলোচনায় অংশ নিয়ে এ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:) জনাব মো: নূর কুতুবুল আলম জানান, আপাতত প্রকল্প বাস্তবায়নের স্বার্থে এ পদে নিয়োগ দেওয়া যেতে পারে, তবে ভবিষ্যতে এই পদটি ডিপিপিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

<u>**সিদ্ধান্ত:**</u> বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে (১) প্রকল্প বাস্তবায়নের স্বার্থে Individual Consultant হিসেবে NCC'র নিজস্ব তহবিল থেকে ০১ জন Environmental Safeguard Expert পদে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) Environmental Safeguard Expert হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে Social Safeguard and Gender Officer নিয়োগ না হওয়া পর্যন্ত এ পদের অতিরিক্ত দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ ও প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৯: 'নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ফ্ল্যাট উপ-আইন' এর খসড়া পর্যালোচনা ও অনুমোদন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) জনাব মোঃ আজগর হোসেন জানান, এনসিসি প্রতিষ্ঠার শুরু থেকেই অর্থাৎ ২০১১ সাল থেকে আয়ের উৎস বৃদ্ধি করার লক্ষ্যে এনসিসি বিভিন্ন প্রদক্ষেপ গ্রহণ করেছেন। তারই ধারাবাহিকতায় এনসিসি বিভিন্ন সময়ে বেদখল হয়ে যাওয়া স্থানগুলো উদ্ধার করে সেখানে বিভিন্ন মার্কেট/ ফ্ল্যাট নির্মাণ করে আসছে। নারায়ণগঞ্জের এসকল জায়গা অনেক ঘনবসতি এবং মূল্যবান হওয়ায় সেখানে মার্কেটের উপর আবাসস্থলের ব্যবস্থাও করা হয়েছে। আগে যে ইজারা পদ্ধতি ছিলো সে পদ্ধতিতে নির্মাণ ব্যয়ের সাথে পরিচালন ব্যয় হিসেব করে ওপেন টেন্ডারের মাধ্যমে সেগুলো বরাদ্ধ প্রদান করা হয়েছে। কিন্তু তখন এনসিসির নিজস্ব কোনো আইন ছিল না। এনসিসি যেহেতু আইন/ নীতিমালা প্রণয়নের আইনী ক্ষমতা রাখে সেহেতু এনসিসি কিভাবে এ সকল ফ্ল্যাট, মার্কেট ভাড়া/ বরাদ্দ প্রদান করবে সে বিষয়ে একটি বিধিমালা প্রণয়ন করেছে। অতঃপর তিনি সেটি সকলের উদ্দেশ্যে পাঠ করে শুনান ও তিনি প্রস্তাব রাখেন সেটি অনুমোদিত হলে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে তা প্রেরণ করা হবে এবং মন্ত্রণালয়ে অনুমোদিত হয়ে আসলে তখন এনসিসি আইনগতভাবে ফ্ল্যাট/ মার্কেট ভাড়া, বরাদ্ধ, সেলামি, নাম পরিবর্তন ইত্যাদি সবকিছু সঠিকভাবে করা সম্ভব হবে। সভায় এটি প্রণয়নের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে এ সংক্রান্ত স্থায়ী কমিটিতে 'নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ফ্ল্যাট উপ-আইন' উপস্থাপনপূর্বক অনুমোদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। উক্ত স্থায়ী কমিটিতে সংশোধন ছাড়া উপ-আইনটি অনুমোদন হলে তা চূড়ান্তভাবে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১০: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত কলরব কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষক ও কর্মচারীদের বেতন বৃদ্ধিকরণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীণ কলরব কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষক ও কর্মচারীরা তাদের মাসিক সম্মানী/ পারিশ্রমিক বৃদ্ধির জন্য আবেদন জানিয়েছেন। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির বিষয়টি বিবেচনায় রেখে তাদের মাসিক সম্মানী/ পারিশ্রমিক নিম্নরূপে বর্ধিত করা যেতে পারে মর্মে তিনি প্রস্তাব উপস্থাপন করেন। যথা:

| প্রস্তাবিত বেতন | | | | |
|---|---|---|---|---|
| **ক্রম** | **নাম** | **পদবি** | **বিদ্যমান বেতন** | **প্রস্তাবিত বেতন** |
| ১ | জনাবা সৈয়্যদা ফাতেমা জোহরা | প্রধান শিক্ষিকা (ভা.) | ১৩,০০০/- | ২০,৫০০/- |
| ২ | জনাবা সালমা আক্তার | সহকারী প্রধান শিক্ষিকা (ভা.) | ১১,০০০/- | ১৮,০০০/- |
| ৩ | জনাবা ফারহানা রহমান | সিনিয়র শিক্ষিকা | ১১,০০০/- | ১৭,০০০/- |
| ৪ | জনাবা আলেয়া ফেরদৌসী | সিনিয়র শিক্ষিকা | ১১,০০০/- | ১৭,০০০/- |
| ৫ | জনাবা আসমা রহমান | সিনিয়র শিক্ষিকা | ১১,০০০/- | ১৭,০০০/- |
| ৬ | জনাবা রেবেকা সুলতানা | সহকারী শিক্ষিকা | ৯,০০০/- | ১৬,০০০/- |
| ৭ | জনাবা মেহেরোজ চৌধুরী | সহকারী শিক্ষিকা | ৯,০০০/- | ১৬,০০০/- |
| ৮ | জনাবা সুজানা আক্তার | সহকারী শিক্ষিকা | ৯,০০০/- | ১৬,০০০/- |
| ৯ | জনাবা আফিয়া জান্নাত | সহকারী শিক্ষিকা | ৯,০০০/- | ১৬,০০০/- |
| ১০ | জনাবা সৌরভ দাস | সহকারী শিক্ষিকা | ৮,০০০/- | ১৬,০০০/- |
| ১১ | জনাব রাবু | অফিস সহকারী | ৭,০০০/- | ১৫,০০০/- |
| ১২ | জনাব এস এম মমিন | দাড়োয়ান | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | | **মোট বেতন=** | **১,২৩,০০০/-** | **১,৯৯,৫০০/-** |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত ছকের প্রস্তাবিত বেতন কাঠামো অনুযায়ী তাদের মাসিক সম্মানী/ পারিশ্রমিক নির্ধারণ করতঃ আগামী ০১/০১/২০২৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১১: আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন এবং পরীক্ষণ হলের ভাড়া হ্রাসকরণ সংক্রান্ত আলোচনা।**

আলোচনা: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন এর থিয়েটার হল এবং পরীক্ষণ হলের ভাড়া হ্রাসকরণের জন্য নারায়ণগঞ্জ সাংস্কৃতিক জোট, নারায়ণগঞ্জ হতে আবেদন পাওয়া গেছে। বর্ণিত প্রতিষ্ঠানটির থিয়েটার হলের প্রতি শিফটের ভাড়া ১০,০০০/- (দশ হাজার)

টাকা এর পরিববর্তে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পরীক্ষণ হলের প্রতি শিফটের ভাড়া ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এর পরিবর্তে ২,০০০/- (দুই হাজার) টাকা করার জন্য অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভায় সকলের মতামত কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সাংস্কৃতিক জোটভুক্ত সংগঠনগুলোর সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনের থিয়েটার হলের প্রতি শিফটের ভাড়া ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং পরীক্ষণ হলের প্রতি শিফটের ভাড়া ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্ধারণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ১২: পঞ্চবার্ষিকী রি-এসেসমেন্ট এর মূল্যায়ন কার্যকরকরণ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা এবং উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (অঃদাঃ) জনাব কে এম ফরিদুল মিরাজ জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তিনটি অঞ্চল রয়েছে; যথা: (১) সিদ্ধিরগঞ্জ, (২) নারায়ণগঞ্জ ও (৩) কদমরসুল অঞ্চল। প্রতি অঞ্চলে ০৫ (পাঁচ) বছর অন্তর ট্যাক্স এসেসমেন্ট করা হয়ে থাকে। বিগত ২০২২ সালে সিদ্ধিরগঞ্জ এবং কদমরসূল অঞ্চলের ট্যাক্স এসেসমেন্ট সম্পন্ন করে নিম্ন ছকের (৭) নম্বর কলামে বর্ণিত মূল্যায়ন রেইট অনুযায়ী কর নির্ধারণপূর্বক আদায় করা হচ্ছে, যা নিম্নরূপ:

| ক্র: নং | স্থাপনার প্রকৃতি | | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০১৪ সালের রেইট মোতাবেক) | | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক (প্রতি বর্গফুট) স্থাপনার ধার্যকৃত বার্ষিক মূল্যায়ন রেইট | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০২২ সালের রেইট মোতাবেক) | | **বিগত সময়ের ধার্যকৃত রেইট এর সাথে সামঞ্জস্য রেখে সহনীয় হারে বেসরকারি হোল্ডিং এবং ব্যক্তি মালিকানাধীন শিল্প-বাণিজ্যিক স্থাপনার ধার্যকৃত রেইট** (ক্রমিক-১ হতে ৫ প্রযোজ্য) **এবং সরকারি ক্ষেত্রে ৬ হতে ৮ নং ক্রমিক প্রযোজ্য** |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থাপনা নিজে ব্যবহার করলে | স্থাপনা নিজে ব্যবহার না করলে | | স্থাপনা নিজে ব্যবহার করলে | স্থাপনা নিজে ব্যবহার না করলে | |
| (১) | | (২) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | বেসরকারি | আবাসিক ইমারত | ৫৬/- | ৭৫/- | ১১/- | ১০০/- | ১৬৭/- | **২২/-** |
| ০২ | | আবাসিক সেমিপাকা | ২৬/- | ৪৩/- | ৭/- | ৩৩/- | ৫৬/- | **১৫/-** |
| ০৩ | | আবাসিক টিনের ঘর | ২৬/- | ৪৩/- | ৫/- | ৩৩/- | ৫৬/- | **১০/-** |
| ০৪ | | বাণিজ্যিক দোকান/মার্কেট | ৫৩/- | ৮৫/- | ১৫/- | ৯৩/- | ১৫৬/- | **৩০/-** |
| ০৫ | | শিল্প প্রতিষ্ঠান | ৫৩/- | ৮৫/- | ১৮/- | ৯৩/- | ১৫৬/- | **৩৫/-** |
| ০৬ | সরকারি | আবাসিক ইমারত | ৫৩/- | ৮৫/- | ৩০/- | ১০০/- | ১৬৭/- | **১০০/-** |
| ০৭ | | শিল্প/বানিজ্যিক (পাকা ইমারত/স্টিলশেড) | ৫৩/- | ৮৫/- | ৩০/- | ৯৩/- | ১৫৬/- | **৯৩/-** |
| ০৮ | | সেমিপাকা/ টিনের স্থাপনা | ২৬/- | ৪৩/- | ১৭/- | ৩৩/- | ৫৬/- | **৩৩/-** |
| **২০২৫-২০২৬ অর্থবছর হতে বার্ষিক মুল্যায়নের ভিত্তিতে ১৭% হারে পৌরকর (গৃহকর =৭%, ময়লা রেইট =৫% , আলো রেইট =৩% এবং পানি রেইট =২% হারে) নির্ধারণ করা হলো।** | | | | | | | | |

উক্ত মূল্যায়ন রেইট নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৫ম সাধারণ সভায় নির্ধারণ করা হয়েছিল। উক্ত সভায় নারায়ণগঞ্জ অঞ্চলে পরবর্তী ট্যাক্স এসেসমেন্টের সময় একই হারে করের রেইট ধার্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোপূর্বে ২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ সাধারণ সভায় তিনটি অঞ্চলে একই হারে কর ধার্য করার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু গত ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত CLCC সভার বিভিন্ন নাগরিক প্রতিনিধির দাবির কারণে বর্ণিত রেইট নারায়ণগঞ্জ অঞ্চলের জন্য বলবৎ করা সম্ভব হয়নি। রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে উপরোক্ত ছকের (৭) নং কলামে উল্লিখিত হারে কর ধার্য করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে এ বিষয়টি আরো গভীরভাবে পর্যালোচনা করে এ কমিটির পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## আলোচ্যসূচি ১৩: পরিশোধিত পানির বিল সফট্ওয়্যারে সমন্বয় সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** সভাপতির অনুমতিক্রমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কর নির্ধারক ও রাজস্ব আদায়কারী (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ হান্নান মিয়া নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

- ঢাকা ওয়াসা জোন-১১ এর কার্যক্রম নভেম্বর-২০১৯ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নিকট হস্তান্তরিত হয়। হস্তান্তরিত হওয়ার পর হতে ২০২৪ সাল পর্যন্ত পানি সরবরাহ বিভাগের কার্যক্রম ঢাকা ওয়াসার জনবল দ্বারা পরিচালিত হয়। নভেম্বর-২০১৯ হতে এপ্রিল-২০২৩ পর্যন্ত ঢাকা ওয়াসার সফটওয়্যার দ্বারা পানির বিলের কার্যক্রম পরিচালিত হয়েছে।
- মে-২০২৩ হতে অদ্যাবধি নারায়ণগঞ্জ সিটি কর্পোশেন এর নিজস্ব সফটওয়্যার দ্বারা কার্যক্রম পরিচালিত হচ্ছে। পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখা কর্তৃক পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে গ্রাহকদেরকে নিয়মিতভাবে পানির বিল ও গভীর নলকূপের নবায়ন ফি প্রদানের জন্য নোটিশ প্রদান করা হচ্ছে। নোটিশ প্রদানের পর বিভিন্ন গ্রাহক কর্তৃক এই মর্মে অভিযোগ করা হচ্ছে যে, পরিশোধিত পানির বিল পুনরায় প্রদানের জন্য বকেয়া বিলের নোটিশ প্রেরণ করা হয়েছে। দীর্ঘদিন যাবৎ বিভিন্ন গ্রাহক এ ধরনের অভিযোগ করে আসছে যার সমাধান অদ্যাবধি দেওয়া সম্ভব হয়নি। সম্প্রতি নারায়ণগঞ্জ নিবাসী জনপ্রশাসন মন্ত্রনালয়ের যুগ্মসচিব জনাব গোপাল চন্দ্র দাশ মহোদয় পরিশোধিত পানির বিল বকেয়া বিল হিসেবে দেখানো হয়েছে মর্মে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর অভিযোগ দাখিল করেন। আবেদনে তিনি নাগরিক হয়রানি রোধে এ বিষয়টির আশু সমাধানের জন্য অনুরোধ করেছেন।
- এছাড়া ঢাকা ওয়াসার সফটওয়্যারে বকেয়া বিলে কোনো একটি মাসে কন্সোলিডেটেড বিল দেখানো হয়েছে, যাতে বকেয়া বিলের পরিমাণ অনেক বেড়ে গেছে। ঢাকা ওয়াসা হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরের সময় তাদের বকেয়া বিল ৩৩,৩৪,০৪,১৪৫/- (তেত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ চার হাজার একশত পঁয়তাল্লিশ টাকা) এবং বিদ্যুৎ বিল প্রায় ১০ কোটি টাকা বকেয়া ছিল। ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থবছরে বকেয়া বিলের পরিমাণ বেশি হওয়ায় অডিট আপত্তি করা হয়েছে।
- এ সমস্যা সমাধানকল্পে তিনি ৩টি প্রস্তাব উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
  (১) ওয়াসার বকেয়া গ্রাহক কর্তৃক আবেদনের প্রেক্ষিতে সারচার্জ মওকুফ সাপেক্ষে আদায় করা যেতে পারে। (২) বকেয়া আদায় বৃদ্ধির জন্য বড় বড় বকেয়া বিল খেলাপিদের বিরুদ্ধে ক্রোকের মাধ্যমে আদায় করা যেতে পারে। (৩) এ কার্যক্রমে অধিক স্বচ্ছতার জন্য একটি কমিটি গঠন করার মাধ্যমে অভিযোগ প্রদানকারী গ্রাহকদের পানির বিল পরিশোধের প্রমাণক যাচাই সাপেক্ষে সফটওয়্যারে বকেয়া বিল সমন্বয় করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে (১) গ্রাহকগণের দাখিলকৃত আবেদন এবং কাগজপত্র সতর্কতার সাথে যাচাই বাছাই করে সফট্ওয়্যারে বকেয়া বিল সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) দীর্ঘদিনের অনাদায়ী পুঞ্জিভূত বকেয়া বিল আদায়ের স্বার্থে সারচার্জ মওকুফ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়ন:** রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ।

## বিবিধ আলোচনা:

**১।** সভাপতি মহোদয় সভায় উপস্থিত ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ-কে দুর্যোগ চলাকালে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য তাদের যেসব ইকুইপমেন্টের ঘাটতি রয়েছে তার তালিকা জরুরিভিত্তিতে এনসিসিকে জানানোর জন্য অনুরোধ করেন। তিনি বলেন, বর্তমানে যে হারে ভূমিকম্প হচ্ছে তাতে এনসিসি'র Disaster Management Committee-কে সক্রিয় করা এবং দুর্যোগ মোকাবেলার জন্য আগাম প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। সেজন্য এনসিসি হতে সীমিত পরিসরে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ-কে এ বিষয়ে সহযোগিতা করা যাবে মর্মে তিনি জানান।
**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, (১) দুর্যোগ চলাকালে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ এর যেসব ইকুইপমেন্টের ঘাটতি রয়েছে তার তালিকা জরুরিভিত্তিতে এনসিসিকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। (২) এ সিটি কর্পোরেশন এলাকায় কতটি ঝুঁকিপূর্ণ ভবন আছে তার হালনাগাদ তালিকা পৃথকভাবে আগামী ০১ সপ্তাহের মধ্যে রাজউক এবং ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স-কে এনসিসি'র নিকট দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
**বাস্তবায়নে:** (১) উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ; (২) পরিচালক (জোন-৮), রাজউক, নারায়ণগঞ্জ।

**২।** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেডিকেল অফিসার ডা. নাফিয়া ইসলাম জানান, এ সিটি কর্পোরেশন হতে নির্দিষ্ট পরিমাণ ফি এর মাধ্যমে সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহে ২০ বছরের জন্য কবর/ সমাধি সংরক্ষণের জন্য অনুমতি/ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। কিছু কিছু ব্যক্তি ২০ বছর পূর্ণ হওয়ার আগেই সংরক্ষিত কবর/ সমাধিতে দাফনকৃত ব্যক্তির কোনো নিকটাত্মীয় এর মরদেহ উক্ত সমাধিতে নতুন করে দাফন করতে আগ্রহ প্রকাশ করছেন। এক্ষেত্রে কত বছরের জন্য তিনি এ সুবিধা পাবেন, এর জন্য কোনো ফি আদায় করা হবে কিনা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনের কবরস্থান ও শ্মশান পরিচালন ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত তথ্যাদি সংগ্রহপূর্বক পরবর্তী সভায় এ বিষয়ে আলাচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১১.২৫
(ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪-৭৮৩ তারিখ: ২৭/১১/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ---------------------------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব ----------------------------------------------------------------------------------------------নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

২৭/১১/২০২৫
(মোঃ নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

**২৬/১১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সরকার কর্তৃক গঠিত কমিটির ১৪তম সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):**

১) ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ নূর কুতুবুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব টি. এম রাহসিন কবির, সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৪) জনাব মোঃ সোহেল রানা, অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক), নারায়ণগঞ্জ, (পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি) ।
৫) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
৬) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
৭) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
৮) জনাব মঞ্জুর আজিজ মোহন, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
৯) জনাব নিপেন চন্দ্র সিদ্ধা, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮, নারায়ণগঞ্জ, (রাজউক, জোন-৮, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি)।

**সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা:**

১) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
২) জনাব মোহাম্মদ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৩) জনাব আহসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৪) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
৫) জনাব মুহাম্মদ ইসমাইল হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ।
৬) জনাব মোঃ সাইফুল কবির, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
৭) জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):**

১) জনাব মোঃ আজগর হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব সেলিম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব আব্দুল্লাহ মোহাম্মদ হাশেম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব মোহাম্মদ হান্নান মিয়া, কর নির্ধারক ও রাজস্ব আদায়কারী (ভারপ্রাপ্ত), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২) জনাব সাইফুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।